3849 I 3427 200Rs.




Admissible under Regn. Rule, and also u s ..5(4). of the West Bengal L.F.. Act 1955 duly stamped (or Exempt from or does not require stamp duty) under the indian stamp Act 1899 as amended in 1976 Schedule IA No. 33
Process Fee 4.50
Paid in C. F. S.

SUB-REGISTRAR, ALIPORE
24 Parganas.

দানপত্র দলিল

দানপত্র গ্রহীতা ঃ -

শ্রী শঙ্কর নাফুই পিতা শ্রী ভূধর চন্দ্র নাফুই ,, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং গরফা নাফুই পাড়া, থানা কসবা, জিলা ২৪ পরগণা, কলিকাতা ৭৮

দানপত্র দাতা ঃ -

১। শ্রী অনিল কুমার মণ্ডল, ২। শ্রী পুলিন কুমার মণ্ডল, ৩। শ্রী রঞ্জিত কুমার মণ্ডল সকলের পিতা মৃত পাঁচ কড়ি মণ্ডল, ৪। শ্রীমতী নীহার বালা নস্কর স্বামী শ্রী নিমাই নস্কর সকলে জাতি হিন্দু, পেশা ১ - ৩ কৃষিকার্য্য ৪ নং গৃহস্বামী, সর্ব্ব সাং ভাটীপোতা থানা ভাঙ্গড় , জিলা ২৪ পরগণা।

উত্তর - হাল ৮৭৭ দাগে দাতাদের নাম।

Scanned with OKEN Scanner

13550 — 2nd/H/83

13550 — 200/
13551 — 100/
13552 — 752
13553 — 20/
13554 — 12
3562

(1) Anil Kumar Mandal
(2) Ranjit Kumar Mandal
(3) Pulin Kumar Mandal all sons of Lt. Panch kari Mandal
(4) Nihar Bala Sarkar w/o Nimai Sarkar all of Bhatipota P.S. Bhangore all by caste Hindu. By profession Ext. no. 1-3 cultivators + (4) Housewife

Presented for registration at 12.24 hrs on the 24th day of June 1983 at the Sadar Registration Office Alipore, 24 Parganas by Anil Kumar Mandal Executant / Claimant or one of the Executants / Claimants or Attorney for ........ Executant / Claimant under a Power of Attorney No......... for 19.... authenticated by the ........Registrar of......

3678

SUB-REGISTRAR, ALIPORE
24 Parganas.
24.6.83

3679

by
Deb Prasad Sarkar
Son / Wife of Lt. Panchanan Sarkar
of Garfa
Thana Kasba
District Cal-78
By Caste Hindu by Profession Business

SUB-REGISTRAR, ALIPORE
24 Parganas.

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु.  Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



কোং গরু বায়তি সুতায় চাষের ডাঙ্গা জমির দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে জিলা ২৪ পরগণা সব রেজেস্ট্রী আলিপুর পরগণা খাসপুর তৌজি নং ১২, ১০ সাবেক থানা টালিগঞ্জ হাল থানা কসবা অধিন সাবেক গরফা অঞ্চলে অধুনা যাদবপুর পৌর সভা অনুঃর্গত মৌজা গরফা জেঃএলঃ নং ১৯, রেঃসাঃ নং ২ হাল রিভিসনাল সেটেলমেন্টের ১৭৭ নং খতিয়ান ভুক্ত ৮৭৮ দাগের ডাঙ্গা জমি .৩৬ শতক ও ২০১০ দাগের .১৯ শতক শালি জমি ৫।১ পাই খাজনা ধার্য্য দলিল দাতাগণের পিতা অধুনা মৃত পাঁচকড়ি মণ্ডলের স্বত্ব দখলীয় এবং রেকর্ডীয় সম্পত্তি থাকে। আমাদের পিতৃদেব পরলোক গমন করিলে আমরা তাহার তিন পুত্র ও এক কন্যা এবং আমাদের মাতৃদেবী স্বত্বাধিকারী যাবতীয় সম্পত্তির ওয়ারিশ সূত্রে মালিক

উত্তর — হাল ৮৭৭ দাগে দাতাদের জমি।

Scanned with OKEN Scanner

75 Rs.

पचत्तर रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

৭৫রু. 75 Rs.

SEVENTY FIVE RUPEES



দখলীকার নিযুক্ত হইয়া খালে চাষ আবাদে ভোগদখলকার থাকাকালীন ২০১০ দাগের খালি জমি বিক্রয় করিয়া নিঃস্বত্ব হইয়াছি। কিছুদিন পূর্ব্বে আমাদের মাতৃদেবী পরলোক গমন করিলে আমরা অত্র দলিল দাতাগণ ৮৭৮ দাগের ৩৬ শতক জমির মালিক দখলীকার নিযুক্ত আছি। তুমি আমাদের পিতাঠাকুরের ভাগ্নেয় শ্রী ভূধর চন্দ্র সাঁফুইর একমাত্র পুত্র। আমাদের মাতুলপুত্র আমাদের পিতৃদেব তোমাকে ছোটবেলা হইতে লালন পালন যথেষ্ট স্নেহ যত্ন করিতেন। আমরাও তোমাকে যথেষ্ট স্নেহ করি।

গরুড়া গ্রামে আমাদের কিছু চাষের জমি জমা আছে। তাহার চাষবাস ও রক্ষা বেক্ষা করা আমাদের পক্ষে সম্ভব নহে জানিয়া উক্ত জমি চাষবাসের ও রক্ষা বেক্ষণের ভার তোমার উপর ন্যস্ত করিয়াছি তুমিও তাহা বিশ্বস্ততার সহে পালন করিয়া আসিতেছ। উক্ত কার্য্যের জন্য তোমাকে কিছু জমি দিব বলিয়া অঙ্গীকারাবদ্ধ আছি। উক্ত ১৭৭ খতিয়ানের ২১১০ দাগের ১৯ শতক

উত্তর - হাল ৮৭৭ দাগে দাতাদের জমি।

20 Rs.

बीस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

TWENTY RUPEES

२०रु.

20RS

শালি জমি তোমার মাধ্যমে পূর্ব্বে বিক্রয় করিয়াছি। ৮৭৮ দাগের ৩৬ শতক জমি অধুনা বিক্রয়ের মনস্থ করিয়াছি। এমতাবস্থায় আমাদের প্রতিশ্রুতি মত তোমাকে উক্ত ৮৭৮ দাগ হইতে ১২ শতক জমি তোমাকে দান করিতে ইচ্ছা করিয়াছি এবং বক্রী ২৪ শতক বিক্রয়ের জন্য তোমাকে আমমোক্তার নিযুক্ত করিবয়া পৃথক একটি দলিল সম্পাদন করিয়া দিতেছি। তুমি উক্ত দান গ্রহন করিতে সম্মত হইলে অত্র দানপত্র দলিল লিখাইয়া এতদ্বারা স্বীকার অঙ্গীকার প্রকাশ ও প্রচার করিতেছি যে অত্র দানকৃত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব স্বামীত্ব, দখল অধিকারাদি ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে রদ রহিত ও লুপ্ত হইয়া তোমাতে বর্ত্তাইল। তুমি বর্ত্তমান মালিক পশ্চিম বঙ্গ সেরেস্তায় তোমার নাম পত্তন পূর্ব্বক করাদি আদায় দিয়া সর্ব্ব প্রকার স্বত্বানুর ও অবস্থানুরের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্র ওয়ারিশান ও স্থলবর্ত্তীগণ ক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাক তাহাতে আমরা কিম্বা আমাদের কোন ওয়ারিশান কোন দিন কোন প্রকার ওজর

উত্তর - হাল ৮৭৭ দাগে দাতাদের জমি।






আপত্তি করিতে পারিব না কিম্বা পারিবেক না কেহ করিলেও তাহা সর্ব্ব আদালতে এবং সালিশীতে সর্ব্বত্র অচল বাতিল ও পণ্ড বলিয়া গণ্য হইবে।

প্রকাশ থাকে যে অত্র দানকৃত সম্পত্তি ইতিপূর্ব্বে কাহারো নিকট দান বিক্রয় বা পত্তনাদি দ্বারা হস্তান্তর করি নাই কিম্বা কোনরূপ মরগেজ বা জামিনাদিতে আবদ্ধ করিয়া দায়াবদ্ধ করি নাই। উহাতে অপর কোন অংশীদার বা শরিক নাই কিম্বা উহাতে কোন বর্গাদার বা ভাগচাষ নাই। উহা কোন সরকার বা পাবলিক বডি কর্ত্তৃক একুইজিসন বা রিকুইজিসন হয় নাই। উক্ত জমি তোমার খাস দখলে আছে। অদ্য তোমার বরাবর এই দানপত্র দলিল সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিয়া চিরতরে নিঃস্বত্ব হইলাম।

ভবিষ্যতে অত্র দলিলের মুসাবিদায় তপশীল চৌহদ্দি বর্ণনে ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তবে তোমার অনুরোধে ও তোমার খরচে যে কোন

উত্তর - হাল ৮৭৭ দাগে দাতাদের জমি।

সংশোধন নামা দলিল বা পরিপোষক দলিলে সহি সম্পাদন ও রেজেস্ট্রী করিয়া দিতে স্বীকৃত রহিলেন।

এতদর্থে সুস্থ শরীরে সবল মনে নিজ নিজ স্বাধীন সম্মতিতে এই দানপত্র লিখাইয়া পাঠ করিয়া ও পাঠ করাইয়া দলিলের মর্ম্ম অবগত হইয়া সহি সম্পাদন করিলাম। ইতি তারিখ ইংরাজী সন ১৯৮৩ সালের ২৪শে জুন মোতাবেক বাংলা সন ১৩৯০ সালের ৯ই আষাঢ়

## দানকৃত সম্পত্তির তপশীলি পরিচয়

জিলা ২৪ পরগণা, সব রেজেস্ট্রী আলিপুর পরগণা খাসপুর তৌজি ১০।১২ সাবেক থানা টালিগঞ্জ হাল থানা কসবা অধিন অধুনা যাদবপুর পৌর সভা অন্তর্গত মৌজা গরফা জেঃ এলঃ নং ১৯ রেঃসাঃ নং ২ হাল ১৭৭ নং খতিয়ান ভুক্ত ৮৭৮ দাগের .৩৬ শতক জমির উত্তরাংশ হইতে .১২ শতক স্থানীয় মাপে কমবেশ ।২।০ সাত কাঠা চারি ছটাক দানকৃত সম্পত্তি বটে ইহার আনুমানিক মূল্য ৮০০০ আট হাজার টাকা হইবে। ইহার হারাহারি খাজনা .৫০ পয়সা পশ্চিম বঙ্গ সরকার পক্ষে ২৪ পরগণার কালেক্টার বাহাদুরকে বাৎসরিক আদায় দিতে হইবে। দানকৃত সম্পত্তিতে বর্ত্তমানে চাষ আবাদ চলিতেছে।

ইহার চৌহদ্দি ঃ -

উত্তর - হাল ৮৭৭ দাগে দাতাদের জমি।

দক্ষিণ - ৮৭৮ দাগের বক্রী জমি।

পূর্ব - হাল ৮৭১ দাগের জমি।

পশ্চিম - হাল ৮৮৫, ৮৮৪ ও ৮৭৯ দাগ।

অত্র দান সানন্দে গ্রহণ করিলাম।

ইসাদি ঃ -

টাইপকারক
রামদাস
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা - ২৭।

1. [illegible]

2. Arkanjilas
Adv/Alipore

3. Niranjan Kr. Mistri

Registered

Book No. I

Volume no. 82

Pages 194 to 200

Being No. 3427

For the year 1983

0 13.00

paid

29-12-83

SUB-REGISTRAR, ALIPORE
24 Parganas
24.6.83

SUB-REGISTRAR, ALIPORE
24 Parganas
9.10.85

Scanned with OKEN Scanner